

# অনেক ভালো থেকেো তুমি

## কাইউম পারভেজ



এখন আর কেউ চিঠি লেখে না।  
মাতৃভাষা বাংলায় চিঠি পাবার আনন্দ  
তুমি বুঝবে না।  
মাঝে মাঝে মুঠোফোনে তুমি বার্তা পাঠাও  
ইংরেজী হরফে বাংলা  
সত্যি বলছি সেটা পড়েও  
মনটা নেচে ওঠে না।  
আমার পোড়া চোখের কোণাটা  
ভিজেও ওঠে না আর।



তুমি কম্পিউটার সফটওয়্যার প্রকৌশলী  
একজন প্রবাসী – আমার স্বপ্নের সারথী  
মুঠোফোনে বাংলায় মনের সব ভালবাসা  
আমার জন্য উজাড় করে দেয়া  
তোমার জন্য কষ্টের কিছু না।



তোমার কোন বার্তা এলেই  
না পড়েই আমি মুঠোফোনে চুমু দেই।  
অনেক্ষণ ঠোট দুটো সরে না আমার – তারপর  
ইংরেজী হরফে বাংলা ইংরেজীভরা তোমার চিঠি  
আমার বুঝে উঠতেই দিনান্ত।  
ভালবাসার ছোঁয়া নেই পরশ নেই অনুভব নেই  
আমার ভালবাসার চিঠিখানি এলো।  
একটু শান্তি খুঁজে ফিরি।  
সাঁঝের পাখিরা কূলায় ফেরার যে শান্তি এটা তারচে বড়।  
যখন তুমি কথা বলো ফোনে  
বেশী সময়ই ইংরেজী বলো – বারবার বলো লাভ ইউ বেবী।  
আমি অপেক্ষায় থাকি শুনবো – ভালবাসি ভালবাসি ভালবাসি।



তোমার সময়ের সাথে মিলিয়ে সকাল সন্ধ্য রাত  
অপেক্ষার প্রহর গুনি  
তুমি বাংলায় একটি চিঠি দেবে –  
আমি ভালবাসার একটা ঘ্রাণ পাবো  
ভালবাসার পরশ পাবো – তোমার ছোঁয়া পাবো।



একুশ এলো আমি সে ভাবনাতেই ডুবে গেলাম  
আমার মনে হয় তোমায় বুঝি হারিয়ে ফেললাম  
তুমি একবার বলো - তোমায় ভালবাসি সুমি  
একবার লেখো - তোমায় ভালবাসি সুমি।  
তোমাকে হারাবার ভয়ে দিশেহারা আমি।



তুমি ভালো থেকেো – অনেক ভালো থেকেো তুমি।  
একুশ তুমি ভালো থেকেো – অনেক ভালো থেকেো তুমি।